[Bengali]

অক্টোবর2018 ,

কিন্ডারগার্টেন থেকে 3য় শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের প্রিয় বাবা-মা/অভিভাবকগণ ,

-Peel District School Boardএ আমরা সবচেয়ে ভাল শিক্ষার পরিবেশ প্রদান করার ব্যাপারে পুরোপুরিভাবে প্রতিজ্ঞাবদ্ধ ,যাতে *প্রতিটি* শিক্ষার্থীই তাদের ব্যক্তিগত উৎকর্ষের শীর্ষে পৌঁছাতে পারে। সেটা করার জন্য ,আমাদেরকে শিক্ষার্থীদের এবং তাদের পরিবারের চাহিদাগুলিকে প্রকৃত অর্থে বুঝতে হবে। এই কাজে আমাদের সাহায্যের জন্য , আমরা নিতান্ত উৎসাহের সঙ্গে ঘোষণা করছি যে ,আগামী মাসে আমরা প্রথম *শিক্ষার্থী-শুমারি* শুরু করব।

নভেম্বর মাসে ,কিন্ডারগার্টেন থেকে 3য় শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের বাবা-মা/আভিভাবকগণ *শিক্ষার্থী-শুমারি* প্রশ্নমালাপাবেন যা তাঁদেরকে তাঁদের শিশুর)দের (জন্য পূরণ করতে হবে। বেশিরভাগ পরিবারই তাদের শিশুর অগ্রগতিপত্রের খামের মধ্যেই প্রশ্নপত্রটি পাবেন। আপনি যদি নভেম্বর মাসের মাঝামাঝি অবধি কোন প্রশ্নপত্র না পান , তাহলে দয়া করে আপনার শিশুর শিক্ষক/শিক্ষিকার কাছে খোঁজ করবেন।

প্রশ্নমালাটি পূরণ করতে আনুমানিক 30মিনিট মতো লাগবে। কিন্ডারগার্টেন থেকে 3য় শ্রেণি পর্যন্ত পাঠরত আপনার যদি একাধিক শিশু থাকে ,তাহলে প্রতিটি শিশুর জন্য আপনাকে আলাদা-আলাদা প্রশ্নপত্র পূরণ করতে বলা হবে। এছাড়াও ,শুমারির অনূদিত সংস্করণ আপনার শিশুর বিদ্যালয় থেকে অথবা Peelবোর্ডের নিম্নোক্ত ওয়েবসাইট থেকে পাওয়া যাবেwww.peelschools.org/studentcensus :

এই শুমারি থেকে প্রাপ্ত তথ্যগুলি আমাদের বোর্ড এবং আমাদের বিদ্যালয়গুলিকে নিম্নোক্ত বিষয়গুলিতে সহায়তা করবে:

- শিক্ষার্থী-সংখ্যা ও বিদ্যালয় জনসমাজ সম্পর্কে আরো ভালোভাবে জানতে
- শিক্ষার্থীদের সাফল্য ,অন্তর্ভুক্তি ও কল্যাণ ইত্যাদির অন্তরায়গুলিকে চিহ্নিত ও নির্মূল করতে
- কার্যকরী কর্মসূচি প্রতিষ্ঠিত করতে এবং সংস্থানসমূহকে সেই সেই স্থানে পুনঃবন্টিত করতে যেখানে সেগুলি সবচেয়ে বেশি করে জরুরি

এই *শিক্ষার্থী-শুমারি* গোপনীয় ,কিন্তু বেনামী নয়। সংগৃহীত সমস্ত উত্তরগুলিকে একটি নিরাপদ ,গোপনীয় ডেটাবেসে সংরক্ষিত রাখা হবে এবং সেগুলিকে শুধু অনুমোদিত গবেষণাকর্মীরাই ব্যবহার করতে পারবেন যাঁরা -Peelএর শিক্ষার্থীদের প্রবণতাগুলিকে চিহ্নিত ও সংক্ষেপিত করবেন। বাবা-মায়েদের প্রশ্নপত্রগুলিকে আলাদা-আলাদাভাবে বিশ্লেষণ করা হবে না। শিক্ষার্থীদের সম্পর্কে তথ্য সংগ্রহ করার ব্যাপারে Peelবোর্ড সর্বোচ্চ স্তরের গোপনীয়তা ও বিশ্বস্ততা রক্ষা করায় বদ্ধপরিকর এবং তারা তথ্যের স্বাধীনতা ও গোপনায়ীতা রক্ষা সংক্রান্ত পৌরনিগম আইন বা মিউনিসিপ্যাল ফ্রিডম অব ইনফর্মেশন অ্যান্ড প্রোটেকশন অব প্রাইভিসি অ্যাক্ট -(MFIPPA)এ বর্ণিত গোপনীয়তা বিষয় সমস্ত রকমের আবশ্যকতাগুলিকে মেনে চলবে। *শিক্ষার্থী-শুমারির*-র মাধ্যমে নেওয়া তথ্যগুলি শিক্ষা আইন বা এজুকেশন অ্যাক্ট-এর আওতায় সংগৃহীত ,R.S.O. 1990, c E. 2)সংশোধিত-(এর আইনি অধিকারের অধীনে সংগ্রহ করা হবে ,যা শুধু শিক্ষা ও গবেষণার কাজেই ব্যবহৃত হবে।

শিক্ষার্থী-শুমারি-তে অংশগ্রহণ সম্পূর্ণরূপে স্বেচ্ছাধীন বিষয়। তবে এটি মনে রাখা জরুরি যে ,পূরণের হার যত বেশি হবে বিদ্যালয়গুলির উন্নতিতে ও কর্মসূচি পরিকল্পনার ক্ষেত্রে তথ্যগুলি ততই বেশি সমৃদ্ধশালী ও নির্ভরযোগ্য হবে।

আপনার যদি কোন প্রশ্ন থাকে ,তাহলে দয়া করে এই চিঠির পিছনের দিকে থাকা তথ্য-পত্রটিকে ভালো করে পর্যালোচনা করুন। এছাড়াও আপনি www.peelschools.org/studentcensus দেখতে পারেন অথবা Peelবোর্ডের

গবেষণা ও দায়বদ্ধতা বিভাগের 905-890-1010 বিস্তার 3523নম্বরে অথবা studentcensus@peelsb.com ইমেইলে যোগাযোগ করতে পারেন।

প্রতিবারের মতোই ,প্রতিটি শিক্ষার্থীদের সাফল্য ,আত্মবিশ্বাস ও আশাকে অনুপ্রাণিত করার আমাদের কাজে আপনাদের নিরন্তর সহায়তা দানের জন্য আমরা আপনাদের ধন্যবাদ জানাই।

পিটার জসুয়া
শিক্ষা পরিচালক

বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলী

Peel District School Board-এর *শিক্ষার্থী-শুমারি-র উদ্দেশ্য কী?*

এই শুমারি থেকে প্রাপ্ত তথ্যগুলি আমাদের বোর্ড এবং আমাদের বিদ্যালয়গুলিকে নিম্নোক্ত বিষয়গুলিতে সাহায্য করবে:

- শিক্ষার্থী-সংখ্যা ও বিদ্যালয় জনসমাজ সম্পর্কে আরো ভালোভাবে জানতে
- শিক্ষার্থীদের সাফল্য, অন্তর্ভুক্তি ও কল্যাণ ইত্যাদির অন্তরায়গুলিকে চিহ্নিত ও নির্মূল করতে
- কার্যকরী কর্মসূচি প্রতিষ্ঠিত করতে এবং সংস্থানসমূহকে সেই সেই স্থানে পুনঃবন্টিত করতে যেখানে সেগুলি সবচেয়ে বেশি করে জরুরি

শিক্ষার্থী-শুমারি-তে কী ধরনের প্রশ্ন রাখা হয়েছে?

শিক্ষার্থী-শুমারি আনুমানিক 30টি একাধিক উত্তরযুক্ত প্রশ্ন নিয়ে তৈরি, যা শিক্ষার্থীদের পরিচিতি, পরিবারের বৈশিষ্ট্যাবলী, বিদ্যালয়ের অভিজ্ঞতা এবং শিক্ষার্থীদের কল্যাণ প্রসঙ্গে করা হয়েছে।

আমাকে কি শুমারির প্রতিটি প্রশ্নেরই উত্তর কি দিতেই হবে?

শিক্ষার্থী-শুমারি সম্পূর্ণরূপে স্বেচ্ছাধীন বিষয়। আপনি যদি কোন প্রশ্নের উত্তর না দিতে চান তাহলে আপনি সেটি এড়িয়ে চলে যেতে পারেন অথবা এতে একেবারেই অংশগ্রহণ না করতেও চাইতে পারেন।তবে এটি মনে রাখা জরুরি যে, পূরণের হার যত বেশি হবে বিদ্যালয়গুলির উন্নতিতে ও কর্মসূচি পরিকল্পনার ক্ষেত্রে তথ্যগুলি ততই বেশি সমৃদ্ধশালী ও নির্ভরযোগ্য হবে।

কিন্ডারগার্টেন থেকে 3য় শ্রেণি পর্যন্ত পাঠরত আমার একাধিক সন্তান আছে। প্রতিটি শিশুর জন্য আমাকে কি আলাদা-আলাদা শুমারি পূরণ করতে হবে?

হ্যাঁ, আপনাকে প্রতিটি শিশুর জন্য আলাদা-আলাদা শুমারি পূরণ করতে হবে। প্রতিটি প্রশ্নমালার একটি অদ্বিতীয়, সুনির্দিষ্ট কোড আছে যা প্রতিটি শিক্ষার্থীর ID-র সঙ্গে সংযুক্ত।

প্রশ্নমালাটি পূরণ করার সময় আমার সন্তানকে কি সেখানে উপস্থিত থাকতে হবে?

শিক্ষার্থী-শুমারি-র উদ্দেশ্য হচ্ছে সমস্ত শিক্ষার্থীদের বক্তব্যকে তুলে ধরা। আপনার শিশুদের চিন্তাভাবনা ও অভিজ্ঞতাগুলিকে তুলে ধরার জন্য আপনাকে আপনার শিশুকে সঙ্গে নিয়ে এই প্রশ্নমালাটি পূরণ করার জন্য উৎসাহিত করা হচ্ছে।

আমার উত্তরগুলিকে কীভাবে গোপন রাখা হবে?

আপনার শুমারি প্রশ্নমালাটিতে আপনার শিশুর নামের একটি সন্নিবেশ থাকবে—এই একটিই পাতা আপনার শিশুর নাম বা কোন পরিচিতিমূলক তথ্য দিয়ে থাকবে। প্রশ্নমালাটির সঙ্গে থাকা নির্দেশাবলীতে আপনাকে সম্পূর্ণ করা শুমারিটিকে খামে ভরে পাঠানোর আগে এর সন্নিবেশ সম্বলিত পাতাটি খুলে নিতে বলা থাকবে। সীল করা এই সমস্ত খামগুলিকে প্রতিটি বিদ্যালয় একটি নিরাপদ, বহিঃস্থ কোম্পানির কাছে পাঠিয়ে দেবে যাদের সঙ্গে এই সমস্ত উত্তরগুলিকে স্ক্যান করা ও প্রক্রিয়াকরণ করার ব্যাপারে Peel বোর্ডের চুক্তি রয়েছে। এই সমস্ত গোপনীয় ডেটাবেস নিয়ে, শুধুমাত্র বিশ্লেষণ ও গবেষণার উদ্দেশ্যে, গবেষণার বিভাগের কর্মীরা কাজ করবেন। এই সমস্ত ধাপগুলি তথ্যের স্বাধীনতা ও গোপনীয়তা রক্ষা বিষয়ক পৌরনিগম আইন (MFIPPA)-এর অনুবর্তী হয়ে চলবে।

একটি গোপনীয় শুমারি ও একটি বেনামী শুমারির মধ্যে তফাৎ কী?

এই *শিক্ষার্থী-শুমারি* গোপনীয়, কিন্তু বেনামী নয়। শুমারির প্রশ্নমালাগুলিতে একটি করে অদ্বিতীয় কোডের তকমা লাগানো থাকবে যেগুলি প্রতিটি শিক্ষার্থীর ID নম্বরের সঙ্গে সংযুক্ত। এই অদ্বিতীয় কোড বোর্ডের গবেষণা বিভাগকে আগে সংগৃহীত ডেটা (যেমন ঠিকানা, বাড়িতে কথা বলার ভাষা, শ্রেণি ইত্যাদি) ব্যবহার করে বর্তমানে দেওয়া উত্তরগুলিকে বিশ্লেষণে সাহায্য করবে, যার ফলে Peel শিক্ষার্থীদের সম্পর্কে আরও বিস্তারিত বোধগম্যতা তৈরি করা যাবে। কোন

ব্যক্তিগত পরিচিতি—যেমন কোন শিক্ষার্থীর নাম বা তার IDনম্বর—প্রশ্নমালায় থাকবে না এটি নিশ্চিত করার জন্য যে, বাবা-মা/অভিভাবকদের দ্বারা প্রদত্ত উত্তরগুলি যেন গোপনীয় থাকে।

শুমারির ডেটা কিভাবে কাজে লাগানো হবে?

উত্তরগুলির প্রক্রিয়াকরণ ও বিশ্লেষণের কাজ সম্পন্ন হলে Peel, বোর্ডের গবেষণা বিভাগ ধারাবাহিকভাবে বিবরণী প্রস্তুত করতে থাকবে যা বিদ্যালয়গুলিকে ও বোর্ডকে কর্মসূচি ও শিক্ষাদানের পরিকল্পনা করার ক্ষেত্রে সিদ্ধান্ত গ্রহণের তথ্য পেতে সাহায্য করবে। সংক্ষেপিত ডেটা জনসমাজের অন্যান্য অংশীদারদেরকে ও সরকারি সংস্থাগুলিকেও দেওয়া হতে পারে, যা তাদেরকে তাদের জনসমাজগুলির প্রয়োজনীয়তাগুলিকে আরও ভালভাবে পূরণের ক্ষেত্রে তাদের পরিষেবাগুলির উন্নতিতে সাহায্য করবে। ডেটা প্রতিবেদন বা বিশ্লেষণে কখনোই কোন শিক্ষার্থীকে আলাদাভাবে চিহ্নিত করা যাবে না। আইন অনুসারে, শুমারি সম্পূর্ণ করছেন এমন কোন শিক্ষার্থী/অভিভাবকের কোন ব্যক্তিগত তথ্য Peel বোর্ড প্রকাশ করতে পারে না।